


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ অধিশাখা]
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.০০৬.২০১৭-৩৬

তারিখঃ ১২ জুলাই ২০১৭
২৮ আষাঢ় ১৪২৪

বিষয়ঃ এ.টি. বাস্তবায়ন মামলা নং-০২/২০১৬ বাদী জনাব এ.কে.এম ফিরোজুল আলম, অবসরপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বনাম - সরকার ও অন্যান্য।

সূত্রঃ রেজিস্ট্রার কর্তৃক ১৩.০৬.২০১৭ তারিখে প্রেরিত প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩, ঢাকা'র ০৪.০৬.২০১৭ তারিখের আদেশ নং-১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জনাব এ.কে.এম ফিরোজুল আলম, অবসরপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা তাঁর পেনশন ও আনুতোষিক বাবদ অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের জন্য নিজে বাদী হয়ে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৩ জনকে প্রতিপক্ষ করে অত্র এ.টি. বাস্তবায়ন মামলা নং-০২/২০১৬ দায়ের করেন। বিজ্ঞ ট্রাইব্যুনাল আগামী ১৬.০৭.২০১৭ তারিখের মধ্যে এ.টি. ৭৬/২০০৮ (নতুন), এ.টি. ১০৯/২০০৬ (পুরাতন) মোকদ্দমায় প্রদত্ত রায় প্রতিপালন ও বাস্তবায়ন করে প্রতিবেদন দাখিলের জন্য প্রতিপক্ষগণের প্রতি আদেশ দিয়েছেন।

২. এমতাবস্থায়, এ.টি. ৭৬/২০০৮ (নতুন), এ.টি. ১০৯/২০০৬ (পুরাতন) মোকদ্দমায় প্রদত্ত রায় প্রতিপালন ও বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ১৩.০৭.২০১৭ তারিখ বিকাল ৩.০০ টার মধ্যে বিশেষ বাহক মারফত প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩. বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ আদেশের কপি ২ (দুই) ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা

অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাঃসঃ), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
২. উপসচিব (পাঃসঃ-১), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।